

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
বিভাগীয় কার্যালয়, ঢাকা।  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম ১২তলা সরকারী অফিস ভবন (৩য় তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।


বিষয় : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকার ০৪/০৬/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত  
২০২২-২৩ অর্থবছরের এ পি এ কমিটির ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।


আহ্বায়ক : তাহমিনা মাহমুদ  
পরিচালক  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
বিভাগীয় কার্যালয়, ঢাকা।  
সভার স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ।  
সভার তারিখ : ০৪/০৬/২০২৩ খ্রি.  
সময় : সকাল ১১.০০ ঘটিকা  
সভায় উপস্থিত : পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থবছরের এ. পি. এ. কমিটির ত্রৈমাসিক সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে মাসিক, ত্রৈমাসিক ও বার্ষিক বিভিন্ন সভার আয়োজন করার নির্দেশনা রয়েছে। উক্ত সভায় সে অনুযায়ী এ. পি. এ. কমিটির ত্রৈমাসিক সভার বিষয়ে আলোচনা করেন।

০৩। অত্র কার্যালয়ের পরিচালক ও সভাপতি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরের এ.পি.এ. চুক্তিতে যে সমস্ত প্রশিক্ষণ, সভা সমূহ, প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ, ওয়েবসাইটে প্রকাশ ও ওয়েবসাইট হাল নাগাদ করণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে অত্র কার্যালয়ের সকল কার্যক্রম এ. পি. এ. চুক্তি অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে ধন্যবাদ প্রদান করেন। এ.পি.এ. চুক্তি অনুযায়ী অত্র কার্যালয়ের করণীয় সকল প্রশিক্ষণ, সভা-সমাবেশ সমূহ প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ ও ওয়েবসাইটে হাল নাগাদ করণ ইত্যাদি সকল প্রমাণক প্রধান কার্যালয় যথাসময়ে প্রেরণ করা যায় সে বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। ২০২৩-২০২৪ অর্থবছরের এ.পি.এ. চুক্তির খসড়া প্রস্তুত করা হয়েছে কি না, সে বিষয়ে তদারকি করার জন্য সহকারী পরিচালক, জনাব সৈয়দ রিয়াজুল ইসলাম এবং কম্পিউটার অপারেটর, জনাব মো. জসিম উদ্দিন কে নির্দেশনা প্রদান করেন।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
০৪/০৬/২৩  
(তাহমিনা মাহমুদ)  
পরিচালক  
ফোন: ৪৮৩১২৭১৬

  
০৪/০৬/২৩